



আখতার হোসেনকে ক্ষমা চাইতে মুনতাসিরের এক ঘণ্টার আল্টিমেটাম



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) বহিষ্কৃত নেতা মুনতাসির মাহমুদ দলটির সদস্যসচিব আখতার হোসেনকে প্রকাশ্যে ক্ষমা চাইতে এক ঘণ্টার সময়সীমা দিয়েছেন। শুক্রবার (১৪ নভেম্বর) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে মুনতাসির এই আল্টিমেটাম ঘোষণা করেন। পোস্টে তিনি লেখেন, “এনসিপির সদস্যসচিব আখতার হোসেনকে ভুল স্বীকার করে নিঃশর্তভাবে আমার কাছে ক্ষমা চাওয়ার জন্য শেষ ১ ঘণ্টা সময় দিলাম। অন্যথায়... অ্যাকশন।” সম্প্রতি দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে এনসিপি তাকে সব পদ থেকে অব্যাহতি দেয়। বহিষ্কৃত হওয়ার আগে তিনি দলটির কেন্দ্রীয় সংগঠক হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

LENS ASIA